দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 FEB 2017
পৃষ্ঠা ... ২৫

# প্রাথমিক শিক্ষায় দুর্নীতি সহ্য করা হবে না : দুদক চেয়ারম্যান

■ চট্টগ্রাম অফিস

প্রাথমিক শিক্ষাকে তিন মাসের মধ্যে দুর্নীতিমুক্ত করার সময়সীমা বেঁধে দিয়েছেন দিয়েছেন দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ। গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম পিটিআই অডিটরিয়ামে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষায় সুশাসন নিশ্চিতকরণে চট্টগ্রাম বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় তিনি এ নির্দেশ দেন। এসময় তিনি বলেন, বদলি, মাতৃত্বকালীন ছুটি, পেনশনপ্রাপ্তি প্রভৃতি কাজের জন্য জেলা শিক্ষা অফিসে ঘুষ দিতে হয়। শিক্ষকরা নিয়মিত ক্লাস না নিয়ে প্রাইভেট পড়ান। সে টাকার ভাঁগ শিক্ষা অফিসে দিতে হয়। শিক্ষকরা সময়মত বিদ্যালয়ে যান না। এ ধরনের অনিয়ম ও দুর্নীতি সহ্য করা হবে না। প্রাথমিক শিক্ষা বিভাগকে পুরোপুরি দুর্নীতি মুক্ত হতে হবে। দুদক চেয়ারম্যান বলেন, শিক্ষার মূল ভিত্তি হচ্ছে প্রাথমিক শিক্ষা। এ ভিত্তি মজবুত না হওয়ার পেছনে ব্যাঙের ছাতার মতো কোচিং সেন্টার, কিন্ডার গার্টেন এবং শিক্ষাদানে শিক্ষকদের উদাসীনতা বাধা হয়ে দাঁড়িয়েছে। প্রাথমিক শিক্ষাকে দেশের উন্নয়নের বাতিঘর উল্লেখ করে তিনি একে আরো প্রজ্বলিত করার আহ্বান জানান।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. আবু হেনা মোস্তফা কামালের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান। এছাড়া চট্টগ্রাম বিভাগের সকল জেলা শিক্ষা অফিসারসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।